

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

### প্রত্নাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৩৪-আইন/২০১৭/২০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর First Schedule ভুক্ত নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

### TABLE

<b>Heading</b>	<b>H.S. Code</b>	<b>Description</b>
<b>(1)</b>	<b>(2)</b>	<b>(3)</b>
72.19	7219.31.00	Cold rolled sheet of a thickness of 4.75 mm or more
	7219.32.00	Cold rolled sheet of a thickness of 3 mm or more but less than 4.75mm
	7219.33.00	Cold rolled sheet of a thickness exceeding 1 mm but less than 3mm
73.06	7306.40.00	Welded stainless steel tubes/pipes
73.07	7307.19.00	Solid end cap
	7307.23.00	Butt welding fittings
	7307.29.00	Tee pipe fittings
	7307.92.19	Bend 90°
73.26	7326.90.90	Other articles of iron or steel
84.81	8481.10.19	Solenoid valve
	8481.30.19	Check valve (non return valve)

- 8481.40.19 Pressure safety valve  
 8481.80.29 Hand ball valve, needle valve, on/off valve,  
 Temperature control valve, I/P Converter  
 temperature control valve

### শর্তসমূহ

- ১। এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা শুধু সেই সকল উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত উপকরণ ব্যবহার করিয়া ওষধ অথবা ওষধের কাঁচামাল উৎপাদনকারী, খাদ্য ও বেভারেজ শিল্পে ব্যবহৃত মানের (grade) পানি প্রস্তুতে প্রয়োজনীয় বায়োহাইজিন মেশিনারিজ বা ইকুইপমেন্ট হানীয়ভাবে উৎপাদন করিয়া থাকেন।
- ২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন উৎপাদক বা সংযোজনকারী হিসাবে নিবন্ধিত হইতে হইবে।
- ৩। প্রতি একক বায়োহাইজিন ইকুইপমেন্ট উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য “পরিশিষ্ট” অনুযায়ী ৩ (তিনি) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে। কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত প্রদান করিবেন। উক্ত অনুমোদিত সহগের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।
- ৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ “পরিশিষ্ট” অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক বায়োহাইজিন ইকুইপমেন্ট উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।
- ৫। আমদানিকৃত উপকরণ ফার্মাগ্রেড বা ফুডগ্রেড পানি উৎপাদনকারী যন্ত্র উৎপাদন ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা যাইবে না।

৬। কোন উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লজ্জন করিলে এবং উক্ত লজ্জনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

#### পরিশিষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

বায়োহাইজিন ইক্যুইপমেন্ট তৈরির উপকরণ বা কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রম নং	পণ্যের নাম ও এইচ. এস. কোড	একক	পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্য বা যত্নাংশ বা উপকরণ এর নাম (এইচ.এস. কোডসহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিষ্ঠানের

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের

স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিরুর রহমান  
সিনিয়র সচিব